# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**11-04-2026** **Time: 7.35 AM**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফায় ১ হাজার চারশো ৬৩ জন প্রার্থীর মনোনয়ন বৈধ বলে বিবেচিত হয়েছে।

প্রথম দফার বিধানসভা নির্বাচনে ১৫২টি আসনের জন্য ১ হাজার ৪৭৮ জন প্রার্থী চূড়ান্ত প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন।

২) পশ্চিমবঙ্গে ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে প্রচার জমে উঠেছে। শীর্ষ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ এরাজ্যে তিনটি জনসভায় যোগ দেবেন।

৩) নির্বাচন কমিশনের ভোটার তালিকা ফ্রিজ করাকে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টে নতুন করে মামলা দায়ের। সোমবার শুনানি।

৪) ভোটের দায়িত্বে থাকা বাসের চালক ও খালাসিদের জন্য পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের ব্যবস্থা চালু করেছে নির্বাচন কমিশন।

৫) রেশন বন্টন দুর্নীতি কান্ডে ইডি গতকাল কলকাতা সহ ১২-টি জায়গায় তল্লাশি চালায়।

৬) আইএসএল ফুটবলে আজ ইস্টবেঙ্গল, চেন্নাইয়িন এফ সি, র বিরূদ্ধে খেলবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফায় ১ হাজার চারশো ৬৩ জন প্রার্থীর মনোনয়ন বৈধ বলে বিবেচিত হয়েছে। বাতিল হয়েছে ৬২ জনের প্রার্থী পদ। দ্বিতীয় দফায় ১৪২ টি আসনের ভোটের জন্য গতকাল মনোনয়নপত্রগুলি পরীক্ষা করে দেখা হয়। জমাপড়া ১ হাজার ৫ শো ২৫-টি প্রার্থী পদ পরীক্ষা করার পর বাতিল হয় ৬২ জনের মনোনয়নপত্র। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে, বাতিল হওয়া মনোনয়নপত্রগুলির মধ্যে আছে তৃণমূল কংগ্রেস ও বি এস পি দুটি করে, অন্যান্য দলের ২২ এবং নির্দল প্রার্থীদের ৩৬-টি মনোনয়ন ।

উল্লেখ্য, সোমবার ১৩-ই এপ্রিল পর্যন্ত প্রার্থীপদ প্রত্যাহার করা যাবে। এই দফায় ভোটগ্রহণ ২৯-শে এপ্রিল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, রাজ্যে প্রথম দফার বিধানসভা নির্বাচনে ১৫২টি আসনের জন্য ১ হাজার ৪৭৮ জন প্রার্থী চূড়ান্ত প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন। নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী, মোট ১৮৮ জন প্রার্থী তাঁদের মনোনয়ন প্রত্যাহার করেছেন। প্রথম দফায় আগামী ২৩ এপ্রিল ভোট গ্রহণ।

০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশন, জটিলতার কারণে কৃষ্ণনগর উত্তর বিধানসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী অভিনব ভট্টাচার্যের মনোনয়নপত্র বাতিল করেছে। জন

প্রতিনিধিত্ব আইনে ৯-এর A ধারায় তাঁর মনোয়ন বাতিল করে দেন রিটার্নিং অফিসার।

উল্লেখ্য, কোন ব্যক্তি সরকারী কাজের সঙ্গে সরাসরি ঠিকাদারিতে যুক্ত থাকলে বা সরকারের সঙ্গে কোন ব্যবসায়িক স্বার্থ জড়িত থাকলে নিয়ম অনুযায়ী তিনি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারেন না।

এদিকে, এই সিদ্ধান্ত নেওয়া হতে পারে – সেই আশঙ্কায় সোমনাথ দত্ত তৃণমূল কংগ্রেসের বিকল্প প্রার্থী হিসেবে আগেই মনোনয়ন জমা দিয়েছেন। তিনি ওই কেন্দ্র থেকে দলের হয়ে প্রতিদ্বন্দ্বিতা করবেন।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে প্রচার জমে উঠেছে। শীর্ষ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দলীয় কর্মসূচীতে অংশ নিয়ে আজ রাজ্যে আসছেন।

দলীয় সূত্রে জানা গেছে, বেলা সাড়ে ১১-টা নাগাদ তিনি পূর্ব বর্ধমানের কাটোয়ায় জনসভা করবেন। এরপর দুপুরে মুর্শিদাবাদের জঙ্গিপুর ও বিকেলে দক্ষিণ দিনাজপুরের কুশমন্ডিতেও তাঁর দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচার কর্মসূচী রয়েছে।

আর এক বরিষ্ঠ বিজেপি নেতা স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ গতকাল কলকাতায় দলীয় কর্মসূচীতে বিজয় সংকল্পপত্র প্রকাশ করেন। তারপর পশ্চিম মেদিনীপুরের ডেবরা ও খড়গপুরে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভায় তিনি অভিযোগ করেন, এরাজ্যে আইনশৃঙ্খলা ব্যবস্থা সম্পূর্ণ ভেঙে পড়েছে।

(বাইট – অমিত শাহ্)

এদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও দলের প্রার্থী হয়ে মেদিনীপুর শহরে একটি রোডশো করেন। পরে এক জনসভায় তিনি কেন্দ্রের বিজেপি সরকারের তীব্র সমালোচনা করেছেন।

(বাইট – মমতা)

কংগ্রেস, বামফ্রন্ট, আই এস এফ সহ অন্য রাজনৈতিক দলের নেতা – নেত্রীরাও মিটিং-মিছিল, জনসভার মাধ্যমে ভোটারদের মন জয়ের চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

ooooooooooooooooooo

বিধানসভা ভোটের প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জেলা সফর শুরু করেছেন।

আজ তাঁর মুর্শিদাবাদের ভোট প্রস্তুতি নিয়ে পর্যবেক্ষক ও অন্যান্য আধিকারিকদের সঙ্গে বৈঠক করার কথা।

গতকাল তিনি বীরভূমে পৌঁছে দুবরাজপুর এলাকার বিভিন্ন গ্রামে গিয়ে সাধারণ মানুষের সঙ্গে কথা বলেন। এলাকার পরিস্থিতি সম্পর্কে খোঁজ খবর নেন। সকলকে ভয়শূন্য হয়ে ভোট দেওয়ার তিনি আবেদন জানিয়েছেন। এরপরে মুখ্য নির্বাচনী আধিকারিক বোলপুরে নির্বাচনের সঙ্গে যুক্ত পর্যবেক্ষক সহ আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন।

oooooooooooooooooooooo

রাজ্যে ২৯৪ টি আসনের জন্য প্রথম পর্যায়ে এ মাসের ২৩ তারিখ ১৫২ ও দ্বিতীয় পর্যায়ে ২৯ তারিখে ১৪২ টি আসনে ভোট নেওয়া হবে। আবেদনের ওপর ভিত্তি করে ৮৫ বছরের

বেশি বয়সের ভোটারদের জন্য কমিশন এবার বাড়ি বাড়ি গিয়ে ভোট নেওয়ার ব্যবস্থা করেছে। রাজ্য পুলিশের পাশাপাশি সুষ্ঠু নির্বাচন ও নিরাপত্তার কারণে প্রতিটি বুথে থাকবেন চারজন করে কেন্দ্রীয় বাহিনীর জওয়ান।

বিধানসভা নির্বাচনের তাৎক্ষণিক খবরাখবর ও সঠিক তথ্য শ্রোতাদের কাছে পৌঁছে দেবার লক্ষ্যে গতকাল আকাশবাণী কলকাতা কেন্দ্রের প্রতিনিধিদের জন্য অনুষ্ঠিত হয় বিশেষ কর্মশালা।

আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন –

( ভয়েসকাস্ট – অভিজিৎ)

oooooooooooooooooooo

রাজ্যে প্রথম দফার নির্বাচনের জন্য মনোনয়ন জমা দেওয়ার সময়সীমা শেষ হওয়ার সঙ্গে সঙ্গে নির্বাচন কমিশনের ভোটার তালিকা ফ্রিজ করাকে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টে নতুন করে মামলা দায়ের হয়েছে। আগামী ১৩-ই এপ্রিল এস আই আর-এর অন্য মামলার সঙ্গেই এই মামলারও শুনানি গ্রহণ করবেন প্রধান বিচারপতি সূর্যকান্ত এবং দুই বিচারপতি জয়মাল্য বাগচি ও বিপুল এম পাঞ্চলির বেঞ্চ।

ট্রাইব্যুনালে ছাড়পত্র পাওয়া বা যোগ্য বলে বিবেচিত ভোটাররা আগামী বিধানসভা নির্বাচনে ভোট নিতে পারবেন কিনা বা বাতিল হওয়া ভোটারদের অ্যাপিলেট ট্রাইব্যুনাল ছাড়পত্র দিলে ফ্রিজ করা ভোটার তালিকায় তাদের অন্তর্ভুক্ত করা হবে কিনা, সেবিষয়ে আগামী সোমাবারই সিদ্ধান্ত নেবে শীর্ষ আদালত। এরফলে ট্রাইব্যুনালে নিষ্পত্তি হওয়া ভোটারদের ভবিষ্যত নিয়ে ওই দিনই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

ooooooooooooooooooo

ভোটের দায়িত্বে থাকা  বাসের চালক ও সহকারীদের জন্য পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের ব্যবস্থা চালু করেছে নির্বাচন কমিশন।

আগামী ২৯ এপ্রিল দ্বিতীয় দফার ভোটে প্রায় ১ হাজার ৫০০-টি বাস ও মিনিবাস নির্বাচনে কাজে নিযুক্ত থাকবে। এতে প্রায় ৫০০০ বাসকর্মী সরাসরি যুক্ত থাকবেন বলে কমিশন সূত্রে জানা গেছে। ভোটের দিন ডিউটির কারণে তাঁরা নিজেদের কেন্দ্রে গিয়ে ভোট দিতে না পারায়, যাতে সমস্যায় না পড়েন, সেই কারণেই এই বিশেষ ব্যবস্থা ।

এই প্রক্রিয়ায় অংশ নিতে গাড়ির মালিক ও সংগঠনগুলিকে নিকটবর্তী পাবলিক ভেহিকেলস ডিপার্টমেন্ট (পিভিডি) অফিস থেকে ফর্ম ১২ সংগ্রহ করে সংশ্লিষ্ট চালক ও খালাসিদের মধ্যে বিলি করতে বলা হয়েছে। নির্দেশ অনুযায়ী, সেই ফর্ম যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে সংশ্লিষ্ট জেলা নির্বাচন দফতরে। সঙ্গে জমা দিতে হবে এপিক কার্ডের প্রতিলিপি, গাড়ির মালিকের ঘোষণাপত্র এবং গাড়ি রিকুইজিশনের কপিও।

আগামী ১৩ এপ্রিলের মধ্যে সমস্ত নথি-সহ ফর্ম ১২ জমা দিতে হবে। যদিও বাস মালিকদের একাংশ এই সময়সীমা বাড়ানোর আবেদন জানাতে পারেন বলে জানা গিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আসন্ন বিধানসভা নির্বাচনের আগে এলাকা পরিদর্শন এবং নজরদারির জন্য রাতের কলকাতায় বরিষ্ঠ পুলিশ আধিকারিকরা রাস্তায় থাকবেন। কলকাতা পুলিশ কমিশনার অজয় নন্দ এক নির্দেশে জানিয়েছেন, রাত ১০-টা থেকে ২-টো পর্যন্ত এই সব আধিকারিকরা এলাকা পরিদর্শনের পাশাপাশি কড়া নজরদারি চালাবেন। এজন্য সব থানার আধিকারিকদের প্রস্তুত থাকতে বলা হয়েছে। প্রয়োজনে এই সব আধিকারিকদের সঙ্গে কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরাও থাকবেন।

ooooooooooooooooooo

রেশন বন্টন দুর্নিতী কান্ডে, ইডি গতকাল কলকাতা সহ বারোটি জায়গায় তল্লাশী চালায়।

কলকাতায় লর্ড সিনহা রোডে ব্যাবসায়ী বসন্ত সরাফের ফ্ল্যাটে,মিন্টো পার্কে এক অফিসে, পোদ্দার কোর্টে, ছয়টি সংস্থার অফিসে,বিভিন্ন জেলায়, হাবড়ার চাল ব্যাবসীয়ীর বাড়িতে রাত পর্যন্ত তল্লাশী চলে ।।সঙ্গে ছিলো কেন্দ্রীয় বাহিনী।

একই সঙ্গে বেশ কয়েকজন কে জেরা করা হয় বলেও

ইডি ও পুলিশ সূত্রে জানা গেছে।

oooooooooooooooooooo

মালদার বাসিন্দা এক বিএসএফ জওয়ানের মণিপুরের উখরুল জেলায় টহলদারির সময় দুষ্কৃতি হামলায় প্রাণ হারানোর ঘটনায় শোকের ছায়া নেমে এসেছে। গতকাল দুটি জঙ্গি গোষ্ঠীর গুলি বিনিময়ের মধ্যে পড়ে বিএসএফ-এর ১৭০ নম্বর ব্যাটেলিয়ানের কনস্টেবল বছর ৩৪-এর মিঠুন গুরুতর আহত হন। ইম্ফলে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হলে সেখানে হাসপাতালে তাঁর মৃত্যু হয়।

মিঠুনের মরদেহ আজ ময়নাতদন্তের পর পরিবারের হাতে তুলে দেওয়া হবে বলে জানা গেছে।

ooooooooooooooooooooooo

আইএসএল ফুটবলে আজ ইস্টবেঙ্গল, চেন্নাইয়িন এফ সি, র বিরূদ্ধে খেলবে। চেন্নাই এর জওহরলাল নেহরু স্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়।

৬ ম্যাচে ইস্টবেঙ্গল ১১, এবং চেন্নাই সমসংখ্যক ম্যাচের পয়েন্ট পাঁচ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

মোহনবাগান ও ইস্টবেঙ্গল, আজ কলকাতা প্রিমিয়ার হকি লিগের ফাইনালে মুখোমুখি হবে। যুব ভারতীর হকি স্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল চারটেয়।

মোহনবাগান লিগ পর্বে ৬ ম্যাচে ১৫ পয়েন্ট নিয়ে শীর্ষ স্থানে শেষ করেছে। অন্যদিকে দ্বিতীয় স্থানে থাকা ইস্টবেঙ্গলের ৬ ম্যাচে পয়েন্ট ১৩ ।

এ পর্যন্ত মোহনবাগান ৪৩ বার ফাইনালে উঠে ২৬ বার বিজয়ী হয়েছে। ইস্টবেঙ্গল ২৭ বার ফাইনালে পৌঁছে ১১ বার লিগ জয় করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০